ইনকিলাব

তারিখ 6 MAY 2003
পৃষ্ঠা

# সেলিম ভূঁইয়া বেসরকারী শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব মনোনীত



স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব, শিক্ষক কর্মচারী ঐক্যজোটের সমন্বয়কারী ঢাকার একে স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল মোঃ সেলিম ভূঁইয়াকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব পদে সরকার মনোনয়ন দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ১১/৮-৩/২০০২ অংশে-১/৪৪৫ তারিখ ২৩-০৪-০৩ মূলে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত পত্র অনুযায়ী উক্ত মনোনয়নপত্র দেয়া হয়।

বেসরকারী শিক্ষকদের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা সেলিম ভূঁইয়াকে কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব করায় দেশের শিক্ষক সমাজকে মূল্যায়ন করা হয়েছে বলে পৃথক পৃথক বিবৃতিতে বিভিন্ন নেতৃবৃন্দ উল্লেখ করেছেন। মোঃ সেলিম-ভূঁইয়াকে কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব মনোনয়নের মাধ্যমে কল্যাণ ট্রাস্টের ভবিষ্যৎ অস্তিত্ব সম্পর্কে শিক্ষকদের মাঝে বিরাজিত সন্দেহের অবসান ঘটেছে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়।

সেলিম ভূঁইয়াকে ট্রাস্টের সদস্য সচিব মনোনীত করায় তাকে এবং প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীগণ এবং শিক্ষা সচিবকে আন্তরিক অভিনন্দন জানিয়ে বিবৃতি দিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কাজী আব্দুর রাজ্জাক, প্রেসিডিয়াম সদস্যবৃন্দ মুহিবুর রহমান চৌধুরী (চট্টগ্রাম), আঃ বারী (রাজশাহী), কাজী মুজিবুর রহমান (বরিশাল), মোহাম্মদ আলী, সহিদুর রহমান, শরীফা বেগম, আঃ ছোবহান, আঃ মতিন, মোঃ কলিমুল্লাহ, মোঃ বজলুর রহমান, প্রধান শিক্ষক সমিতির মোঃ আলী, নুরুল ইসলাম মোঃ আলী (২), মোঃ জাকির হোসেন, মোয়াজ্জেম হোসেন, মোঃ ইব্রাহীম, লুৎফর রহমান, আবদুর রাশিদ, আব্দুল আউয়াল, দ্বীন মোহাম্মদ, মোহাম্মদ কাইয়ুম, হাসান উদ্দীন আহমেদ, সরকার পরিতোষ, আলমগীর ভূঁইয়া, মোঃ শহীদুল্লাহ, রঞ্জিত কর্মকার ও অজিত কুমার সরকার।